R. N. No. 2532/57 Phone No. 66-228. STD 03483 Regd. No.—WB/MSD- 4

ভর্তি চলছে

মহকুমায় সর্বপ্রথম বৈজ্ঞানিক পন্থায় আধুনিক যন্ত্রাদির সাহায্যে সব বয়সের পুরুষ ও মহিলাদের শরীর সুস্থ ও সক্ষম রাখার প্রয়াসে—

**হেলথ লাইন**

**রঘুনাথগঞ্জ বাজারপাড়া**

( শিবাজী সংঘের সন্নিকটে )

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)

প্রতিষ্ঠাতা—স্বর্গত **শরৎচন্দ্র পণ্ডিত** ( দাদাঠাকুর )

প্রথম প্রকাশ ঃ ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ ক্রেডিট সোসাইটি লিঃ

রেজি নং—১২ / ১৯৯৬-৯৭

( মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংক অনুমোদিত )

ফোন ঃ ৬৬৫৬০

**রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ**

৮৫শ বর্ষ
৪১শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ১৮ই ফাল্গুন, বুধবার, ১৪০৫ সাল।
৩রা মার্চ, ১৯৯৯ সাল।

নগদ মূল্য ঃ ১ টাকা
বার্ষিক ৪০ টাকা

## নেতাদের দলাদলি ও অসাধুতায় জেলার প্রাচীন দল আর এস পির শোচনীয় অবস্থা

বিশেষ প্রতিনিধি ঃ মুর্শিদাবাদ জেলায় আর, এস, পি দলের মধ্যে দলাদলি যে কতটা প্রকট তা আর একবার প্রমাণিত হলো। এবারে সদস্য সংগ্রহ থেকে শুরু করে জেলা সম্মেলন পর্যন্ত রঘুনাথগঞ্জ থানা কমিটির চরম নোংরামি অলিতে গলিতে ছড়িয়ে গিয়েছিল। জেলার প্রাচীন এই রাজনৈতিক দলের কিছু দরদী মানুষ এই ধরনের মানসিকতার কঠোর সমালোচনাও করেছেন। উল্লেখ্য, এবারের নতুন জেলা কমিটিতে রঘুনাথগঞ্জের অনিল মন্ডল ছাড়া কেউ স্থান পায়নি। এখানকার অধিকাংশ সদস্য জেলা সম্মেলনে যেদিকে ছিল তাদের চরম পরাজয় হওয়ায় এখানকার কমরেডরা এখন কোণ ঠাঁসা। কিন্তু তাতে তাদের মানসিকতার কোন পরিবর্তন হয়েছে বলে মনে হয় না। সম্প্রতি রঘুনাথগঞ্জ ২নং ব্লকে শিশু বিকাশ প্রকল্প চালু হতে যাচ্ছে। এতে যে অঙ্গনওয়ারী কর্মী ও সহকারী কর্মী নিয়োগ হবে তাতে বর্তমান থানা সম্পাদক প্রদীপ নন্দী লোকাল কমিটির সাথে কোন আলোচনা না করে বা জেলা কমিটিকে না জানিয়েই জেলা শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের কাছে চাকরী প্রার্থীদের নামের এক তালিকা পেশ করে সকলকে অবাক করে দিয়েছেন। যেখানে পদ্ধতিগতভাবে ব্রাঞ্চ কমিটি, লোকাল কমিটিতে আলোচনার পর জেলা ( ২য় পৃষ্ঠায় )

## আবার এক ভূয়া সংস্থা চাকরির নামে মির্জাপুর থেকে লক্ষাধিক টাকা নিয়ে গেল

নিজস্ব সংবাদদাতা ঃ সম্প্রতি মির্জাপুরে ভারত সরকারের অশোকস্তম্ভের ছাপ দেয়া 'গ্রামীণ কৃষিবিকাশ শিল্পকেন্দ্র' নামে একটি অফিস খোলা হয়েছে। এখন চলছে বিভিন্ন এলাকায় সার্ভের কাজ। অফিসের ভারপ্রাপ্ত অ্যাসিট্যান্ট ডিরেক্টর জানিয়েছেন, গ্রামীণ এলাকায় কর্মসংস্থান বৃদ্ধির লক্ষে এই অফিস কাজ করবে। কিন্তু, গ্রামবাসীদের মনে নানা সন্দেহের দানা বেধেছে। কারণ মির্জাপুর, খোজারপাড়া এবং নওদার ১৫/২০ জন বেকার যুবকের কাছ থেকে ৩ থেকে ৫ হাজার টাকা করে সংগ্রহ করা হয়েছে চাকরির প্রতিশ্রুতি দিয়ে। অভিযোগ অফিসটির অ্যাসিট্যান্ট ডিরেক্টর দীপক সরকারও নাকি অর্থের বিনিময়ে এই চাকরিটি পেয়েছেন। কেন্দ্রীয় সরকারের জনৈক আই, আই, এস অফিসার এই প্রতিবেদককে জানান 'পুলিশের হস্তক্ষেপ প্রয়োজন কারণ সমস্ত ব্যাপারটিই মনে হচ্ছে এক প্রতারণার পরিকল্পনা। গ্রামীণ বেকাররা যেন সচেতন থাকেন।' কয়েকজনের অভিযোগ, স্থানীয় পুলিশ জিজ্ঞাসাবাদের জন্য দীপক সরকার ও মৃণাল ডাহিনাকে গত ৫ ফেব্রুয়ারী থানায় তুলে নিয়ে গেলেও হেড অফিস বলে কথিত সিউড়ি থেকে তাঁদের সপক্ষে কাগজপত্র নিয়ে কেউ এগিয়ে আসেনি। তাই সন্দেহ আরও ঘনীভূত হচ্ছে। মহকুমা শাসককে এই সংস্থা সম্পর্কে তদন্তের ব্যাপারে গ্রামবাসীরা অনুরোধ জানিয়েছেন যাতে গ্রামের তরুণরা আর প্রতারিত না হন।

## বাসের ৩ যাত্রীকে অজ্ঞান করে টাকা ছিনতাই, ধৃত এক মহিলা এক পুরুষ

নিজস্ব সংবাদদাতা ঃ কলিকাতা— কালিয়াগঞ্জ রুটের নর্থ বেঙ্গল ট্রান্সপোর্টের বাসে (WB 045860) গত ২০ ফেব্রুয়ারী রাতে ধুলিয়ানের তিনজন যাত্রী কলকাতা থেকে ওঠেন। তাঁরা বাস কনট্রাকটরকে ধুলিয়ানের আগে ঘুম থেকে উঠিয়ে দেবার কথা বলেন। মোড়গ্রামে গাড়ী পোঁছলে কনট্রাকটর ঐ তিন যাত্রীকে সচেতন করার জন্য গেলে তাঁদের কোন (শেষ পৃষ্ঠায়)

## এলআইসিআই কর্মীর বিরুদ্ধে নব্বই হাজার টাকা প্রতারণার অভিযোগ

নিজস্ব সংবাদদাতা ঃ রঘুনাথগঞ্জ এলআইসি আই-এর চতুর্থ শ্রেণীর জনৈক কর্মী প্রণব মালের বিরুদ্ধে পুলিশের কাছে নব্বই হাজার টাকা প্রতারণার এক অভিযোগ এনেছেন বীরভূমের তারাপীঠ গ্রামের জনৈক অজিতকুমার প্রামাণিক। খবর, প্রণব মাল নিজেকে এলআইসিআই-এর (শেষ পৃষ্ঠায়)

## মোটর সাইকেল দুর্ঘটনায় গৃহবধূর মৃত্যু

নিজস্ব সংবাদদাতা ঃ গত ২৮ ফেব্রুয়ারী প্রাইমারী টিচারস্-এর লিখিত পরীক্ষা দিয়ে সাগরদীঘি থানার দোহাইল গ্রামে ফেরার পথে এক মোটর সাইকেল দুর্ঘটনায় শুভ্রা ব্যানার্জী (৩৫) নামে এক গৃহবধূ প্রাণ হারান। খবর, রঘুনাথগঞ্জ হাসপাতালের কাছে একটি মেয়েকে বাঁচাতে গিয়ে এই দুর্ঘটনা ঘটে। তিনজন আরোহীর মধ্যে শুভ্রার মাথায় আঘাত লাগে। তাঁকে জঙ্গিপুর হাসপাতালে ভর্তি করা হয়। ঐ দিন রাতে তিনি মারা যান।

**বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,**
**দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?**

**শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার**
**মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।**

**সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।**

**ফোন : আর জি জি ৬৬২০৫**

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৮ই ফাল্গুন বুধবার, ১৪০৫ সাল।

## ।। 'রেলযাত্রী বর্ষ' ও পশ্চিমবঙ্গের প্রাপ্তি ।।

রেল বাজেট পেশ করা হইয়াছে। কেন্দ্রীয় রেলমন্ত্রী দ্বিতীয়বার এই বাজেট পেশ করিয়াছেন। জানা গেল যে, সাধারণ দ্বিতীয় শ্রেণীর যাত্রীভাড়া বাড়ান হয় নাই। মান্থলি টিকিটের মূল্য এই বৎসর অপরিবর্ত্তিত রহিল। ভাড়া বাড়ান হইয়াছে মেল এবং এক্সপ্রেস ট্রেনের স্লিপার ক্লাসে ও উচ্চ-শ্রেণীতে। এই স্লিপার ক্লাস এবং উচ্চ-শ্রেণীতে উচ্চবিত্তের যাত্রীরা যাতায়াত করিয়া থাকেন। সুতরাং সাধারণ মানুষ এইরূপ ভাড়াবৃদ্ধিতে প্রভাবিত তথা আর্থিক চাপগ্রস্ত হইবেন না। তবে এই বারের রেল বাজেটে পণ্য-মাসুল ৪ শতাংশ হারে বৃদ্ধি করা হইয়াছে।

সংবাদে জানা যায় যে, মেল ও এক্সপ্রেস ট্রেনের দ্বিতীয় শ্রেণীর যাত্রীভাড়ার ভিত্তিতে অন্যান্য শ্রেণীর ভাড়া আনুপাতিকভাবে বাড়ান হইয়াছে। যে কোনও পণ্য, পার্শেল এবং যাত্রীদের মালপত্রের রেল-মাসুল এই বাজেটে বাড়ান হইয়াছে। উচ্চশ্রেণীর যাত্রীভাড়া এবং পণ্যমাসুল—এই উভয়ের বৃদ্ধির ফলে প্রায় ৯০০ কোটি টাকা বাড়তি আয় হইবে বলিয়া কেন্দ্রীয় রেলমন্ত্রী মনে করিতেছেন। কয়লা, লৌহ, ইস্পাত, ইস্পাত শিল্পের কাঁচামাল প্রায় সম্পূর্ণই রেল পরিবহণ করে। ফলতঃ কয়লা, লৌহ, ইস্পাত, বিদ্যুৎ এবং অন্যান্য কয়লা-নির্ভর শিল্পদ্রব্যের উৎপাদন ব্যয় বাড়িবে এবং উহাদের মূল্যও বাড়িয়া যাইবে। রেল বাজেটে রেলমন্ত্রী এই বিষয়ে কোন আলোকপাত করেন নাই। তবে তিনি এইটুকু বলিয়াছেন যে, পূর্বে রেলের পণ্য-মাসুল বাড়ান হইয়াছিল ; তাহার ফলে কোনও অসুবিধা হয় নাই। তাই পণ্য-মাসুল বৃদ্ধিতে আগামী দিনেও অসুবিধা হয়ত হইবে না। অসুবিধা ত জনগণের পকেটের। অবশ্য এই পকেটের বিচার কোনও দিন হয় নাই।

জানা গেল যে, এবারের রেল বাজেটে পশ্চিমবঙ্গের প্রতি কেন্দ্রীয় সরকার নজর দিয়াছেন। তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় 'বেঙ্গল প্যাকেজ' রূপায়ণের জন্য অনেক দিন ধরিয়া কেন্দ্রীয় সরকারের নিকট দাবী জানাইয়া আসিতেছিলেন। কেন্দ্রে যখন কংগ্রেসী সরকার ছিল, তখনও রেলের ব্যাপারে এই রাজ্য সুবিচার পায় নাই বলিয়া তিনি যথেষ্ট ক্ষোভ প্রকাশ করিয়াছিলেন। বর্তমানে তিনি বিজেপি জোট সরকারের কাছে এই রাজ্যের রেলের দাবী লইয়া চরম সোচ্চার হইয়াছিলেন। এই জন্য কেন্দ্রীয় সরকারকে তথা প্রধান-মন্ত্রীকে তিনি পুনঃ পুনঃ চাপ দিয়া আসিতেছিলেন। সৌভাগ্যের বিষয়, রেল বাজেটে পশ্চিমবঙ্গের কিছু প্রাপ্তিযোগ ঘটিয়াছে। তাঁহার জন্যই এবারের রেল বাজেটে এই রাজ্য একটু গুরুত্ব পাইয়াছে। টালিগঞ্জ হইতে গড়িয়া মেট্রোরেল সম্প্রসারিত হইবে। ইহার জন্য ৪০ কোটি টাকা রেলমন্ত্রী বরাদ্দ করিয়াছেন। শালিমার হইতে হলদিয়া ইনটারসিটি এক্সপ্রেস, প্রিন্সেপঘাট হইতে মাঝেরহাট পর্যন্ত চক্ররেল, বাঁকুড়া-দামোদর রিভার রেললাইন, নিউ-জলপাইগুড়ি-শিলিগুড়ি-নিউবঙ্গাইগাঁও রেল-লাইনকে ব্রডগেজকরণ এবং আরও বেশ কয়েকটি ক্ষেত্রে লাইন পাতার কাজ, ব্রডগেজ করার কাজ ও বৈদ্যুতিকীকরণের কাজ হাতে লওয়ার কথা জানা যাইতেছে। চালু অথবা ঝুলিয়া থাকা রেলপ্রকল্পগুলিতে পূর্বাপেক্ষা বেশি টাকা বরাদ্দ করা হইয়াছে। হাওড়া-পুরুলিয়া এক্সপ্রেস প্রতিদিন ও কুরলা-হাওড়া সুপার ডিলাক্স এক্সপ্রেস সপ্তাহে তিনদিন চলিবার, আলিপুরদুয়ার-শিলিগুড়ি ইন্টারসিটি এক্সপ্রেস নিউ-জলপাইগুড়ি পর্যন্ত চলিবার এবং যোধপুর-হাওড়া এক্সপ্রেস মেন লাইন দিয়া যাতায়াত করিবার কথা ঘোষণা করা হইয়াছে।

তৃণমূল কংগ্রেস নেত্রী এবং রেলমন্ত্রী—উভয়কেই আমরা ধন্যবাদ জ্ঞাপন করিতেছি। 'রেলযাত্রী বর্ষ' ১৯৯৯—২০০০ সাল সার্থক হউক।

### নেতাদের দলাদলি ( ১ম পৃষ্ঠার পর )

কমিটির মাধ্যমে তালিকা যাওয়ার নিয়ম। প্রসঙ্গতঃ উল্লেখ্য, কয়েক বছর আগে রঘুনাথগঞ্জ-১ ব্লকে যখন শিশুবিকাশ প্রকল্প চালু হয় তখন ঐ দপ্তরে প্রার্থী নিয়োগ নিয়ে আর এস পির স্থানীয় নেতাদের বিরুদ্ধে নানা দুর্নীতি প্রকাশ পায় এবং সে সব প্রমাণিতও হয়। সেবারে জেলাকে ভুল বুঝিয়ে ও গ্রামের প্রার্থীদের ফাঁকি দিয়ে শহরের অধিকাংশ প্রার্থীকে চাকরী দিয়ে রঘুনাথগঞ্জ লোকাল কমিটি সকলের কাছে সমালোচিত হয়। এবারে নানা রকম অপচেষ্টা করেও জেলা কমিটিতে ঠাঁই না পেয়ে নিজেই এক প্রার্থী তালিকা পেশ করে আখেড়ে সকলকে প্রতারণার একটা চেষ্টা করেছেন বর্তমান থানা সম্পাদক প্রদীপ নন্দী অন্য সচেতন মানুষের প্রশ্ন—আর এস পি কি দু'ভাগ হয়ে গেল ?

## প্রাথমিক শিক্ষকদের লিখিত পরীক্ষা রঘুনাথগঞ্জ বয়েজ ছাড়া সর্বত্র নির্বিঘ্নে

নিজস্ব সংবাদদাতা : গত ২৮ ফেব্রুয়ারী প্রাথমিক শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষা জঙ্গীপুরের চারটি কেন্দ্রে অনুষ্ঠিত হয়ে গেল। জঙ্গীপুর পারে বয়েজ হাই স্কুল ও রঘুনাথগঞ্জে বয়েজ ও গার্লস হাই স্কুল ছাড়াও শ্রীকান্তবাটী হাই স্কুলেও পরীক্ষা নেওয়া হয়। মহকুমা শাসককে ঐ চারটি কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত অফিসারের চার্জ দিয়ে সংশ্লিষ্ট স্কুলগুলির প্রধান শিক্ষক ও প্রধান শিক্ষিকাদের ভেনু সুপারভাইজারের দায়িত্ব দেওয়া হয়। জঙ্গীপুর কেন্দ্রে মোট পরীক্ষার্থী ছিল ৪০৭ ( ৩ জন অনুপস্থিত ), রঘুনাথগঞ্জ বয়েজে ৫৫৬ ( ৭ জন অনুপস্থিত ), রঘুনাথগঞ্জ গার্লসে ২২২ ( ৬ জন অনুপস্থিত ) ও শ্রীকান্তবাটীতে ১৮৮ ( ১ জন অনুপস্থিত )। প্রাথমিক শিক্ষক কাউন্সিলের এ আই কৃষ্ণপদ চক্রবর্তী জঙ্গীপুরের চারটি কেন্দ্রে প্রশ্ন ও উত্তরপত্র সম্বলিত খাতা (শেষ পৃষ্ঠায়)

**জঙ্গিপুর সংবাদ**/সাপ্তাহিক সংবাদপত্র

১৯৫৬ সালের সংবাদপত্রের রেজিস্ট্রেশন ( কেন্দ্রীয় ) আইনের ৮ ধারা অনুযায়ী মালিকানা ও অন্যান্য বিষয়ের বিবরণ : ৪নং ফরম ১। যে স্থান হইতে প্রকাশিত হয়—'জঙ্গিপুর সংবাদ' কার্য্যালয়, দাদাঠাকুর প্রেস এ্যাণ্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ ( পঃ বঃ )। ২। প্রকাশের সময় ব্যবধান—সাপ্তাহিক। ৩,৪,৫। মুদ্রাকর, প্রকাশক ও সম্পাদকের নাম—অনুত্তম পণ্ডিত, জাতি ভারতীয় নাগরিক, বাসস্থান চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ ( পঃ বঃ )। ৬। এই সংবাদপত্রের সত্ত্বাধিকারী অথবা যে সকল অংশীদার মূলধনের এক শতাংশের অধিক অংশের অধিকারী তাঁহাদের নাম ও ঠিকানা—অনুত্তম পণ্ডিত, দাদাঠাকুর প্রেস এ্যাণ্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ ( পঃ বঃ )। আমি অনুত্তম পণ্ডিত, এতদ্দ্বারা ঘোষণা করিতেছি যে, উপরোক্ত বিবরণসমূহ আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য।

স্বাঃ অনুত্তম পণ্ডিত, প্রকাশক
রঘুনাথগঞ্জ, ৩রা মার্চ ১৯৯৯

**জায়গা বিক্রী**

মিএগ্রাপুর, জয়রামপুর ও বালিঘাটায় প্লট করে বাসোপযোগী জায়গা বিক্রী করা হবে।

চুনীলাল মুখার্জী
রঘুনাথগঞ্জ বালিঘাটা
ফোন : ৬৬৭০৫

## শতবর্ষে নজরুল স্মরণ

সাগরদীঘি ঃ গত ১৫ ফেব্রুয়ারী মোরগ্রাম উচ্চ বিদ্যালয় স্মরণ করল শতবর্ষের আলোকে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামকে। বিদ্যালয়ের ছাত্রছাত্রী, শিক্ষক ও অভিভাবকদের অংশগ্রহণে ও ছাত্র/ছাত্রীদের কণ্ঠে নজরুলের গান, কবিতা সেই সঙ্গে প্রশ্নোত্তরের আসর (কুইজ) উৎসব প্রাঙ্গণকে মুখরিত করে তোলে। প্রধান শিক্ষক সহদেব চক্রবর্তী প্রাচীন এই বিদ্যালয়ের নানা সমস্যার কথা তুলে ধরেন। জেলা পরিষদের সভাধিপতি সচ্চিদানন্দ কাণ্ডারী, সাগরদীঘি পঞ্চায়েত সমিতির সভাপতি আশীষ ব্যানার্জী প্রমুখ অনুষ্ঠানে উপস্থিত হয়ে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় সফল ছাত্র/ছাত্রীদের হাতে পুরস্কার তুলে দেন।

এখানে বাংলা, ইংরাজী ও হিন্দিতে যে কোন রবার ষ্ট্যাম্প এক ঘণ্টার মধ্যে সরবরাহ করা হয়।

বন্ধু কর্ণার

অজিত বারিক

রঘুনাথগঞ্জ ফাঁসিতলা

পশ্চিমবঙ্গ

শিল্পায়নে নবদিগন্তের দিশারী

*পশ্চিমবঙ্গ এখন বিনিয়োজক ক্ষেত্রগুলির মধ্যে নতুন দিগন্তের বার্তাবহ, কেননা ঃ*

**শিল্প সংক্রান্ত সম্ভাবনা**

পাট, চিনি, বয়নশিল্প থেকে শুরু করে ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি, অটোমোবাইলস, সিমেন্ট, কেমিক্যালস, ইস্পাত, মাইনিং, চামড়া, বৈদ্যুতিক, ওষুধপত্র ইত্যাদি তৈরীর ক্ষেত্রে পশ্চিমবঙ্গের শিল্পায়ন প্রচেষ্টা এক দৃঢ় পদক্ষেপ নিয়ে এগিয়ে চলেছে।

**সুসংহত পরিকাঠামো**

পরিবহন, রপ্তানি এবং পেশাদারীর পরিষেবা, যেমন—মার্কেটিং, ফিনান্স, ম্যানেজমেন্ট কনসালট্যান্সি, কমিউনিকেশন নেটওয়ার্কের আধুনিকীকরণ, হার্ডওয়্যার ও সফ্টওয়্যারের বিশেষত্ব—ইত্যাদির জন্য সুসংহত পরিকাঠামোর ব্যবস্থা করা হয়েছে।

**কার্যকর অগ্রগতি**

শিল্পায়নের সাফল্যের জন্য কার্যকর অগ্রগতির ভূমিকা পালন করে পশ্চিমবঙ্গ বিনিয়োগকারীদের যে বিশ্বাস তৈরী করেছে তা অভুতপূর্ব।

**পরিবর্তনশীল ওয়ার্ক কালচার**

জনসাধারণের মধ্যে পরিবর্তনশীল ওয়ার্ক কালচারের যে বিরাট উন্নতি লক্ষ্য করা গেছে তা রাজ্যের শিল্পায়নের ক্ষেত্রে অত্যন্ত প্রয়োজনীয়। জনসাধারণ এই বিশেষত্ব প্রমাণ করার জন্য তৈরী।

**সিঙ্গল পয়েন্ট সুবিধা**

বিশেষ সিঙ্গল উইণ্ডো সেলকে অনেক উন্নত করা হয়েছে। প্রজেক্ট ইমপ্লিমেনটেশনের ক্ষেত্রে বিশেষ সুবিধার জন্য 'একের পর এক' পরিষেবার ব্যবস্থা করা হয়েছে।

**একুশ শতকের প্রবেশপথ**

পশ্চিমবঙ্গের শিল্পায়নে উত্তর পূর্বাঞ্চলের সীমান্তবাসীদের জন্য নানা উপায় উদ্ভাবন করা হয়েছে, যাতে এশিয়া প্যাসিফিক অঞ্চল সেই সুবর্ণ সুযোগের সদ্ব্যবহার করতে পারে। সুতরাং পশ্চিমবঙ্গে আসুন। আপনার পরবর্তী কর্মধারা এখানেই তৈরী করুন।

পশ্চিমবঙ্গ সরকার

Memo No. 74(32)/Inf/Msd. Dt. 18. 2. 99

## জঙ্গীপুর পৌরসভা কার্যালয়

পোঃ রঘুনাথগঞ্জ ।। জেলা মুর্শিদাবাদ

দূর আলাপনী রঘুনাথগঞ্জ

০৩৪৮৩-৬৬০৭৪,৬৬০১৭

### ১৯৯৯-২০০০ সালের জন্য পৌরসভার ফেরিঘাটের ইজারার নোটীশ ও নিয়মাবলী

এতদ্দ্বারা নিলাম ডাকেচ্ছু ব্যক্তিগণকে জানানো যাইতেছে যে, জঙ্গীপুর পৌরসভার রঘুনাথগঞ্জ সদর ফেরীঘাট এবং এনায়েতনগর ডোমপাড়া গাড়ীঘাট দুইটি একত্রে আগামী ১৯৯৯-২০০০ সালের জন্য ( ১৯৯৯ সালের ১লা এপ্রিল হইতে ২০০০ সালের ৩১শে মার্চ পর্যন্ত এক বৎসরের জন্য ) আগামী ১৮ই মার্চ (বৃহস্পতিবার) বেলা দুই ঘটিকায় পৌরসভার অফিসে প্রকাশ্য নিলামে পৌরসভার কর্তৃপক্ষগণ কর্তৃক ইজারা বন্দোবস্ত দেওয়া হইবে।

১। নিলামের দফাওয়ারী বিশদ শর্তাবলী নিলাম ইস্তাহারে এবং পৌর অফিসে দেখিতে পাওয়া যাইবে।

২। তথাপি সংক্ষেপে জানানো যায় যে ব্যক্তি পূর্ব ইজারার টাকা পরিশোধ করেন নাই, ডাক কর্তৃপক্ষগণ তাহাকে ডাক করিবার অনুমতি না দিতে বা ডাক করিলে তাহা অগ্রাহ্য করিতে পারিবেন।

৩। আর্থিক স্বচ্ছলতার নিদর্শন ডাকেচ্ছু ব্যক্তিগণকে স্থাবর-অস্থাবর সম্পত্তির দলিলাদির কাগজপত্র দাখিল করিতে হইবে। নচেৎ ডাকে অংশগ্রহণ করিতে পারিবেন না।

৪। উপরোক্ত দুইটি ফেরীঘাট একত্রে ডাক করা ও বন্দোবস্ত দেওয়া হইবে। ডাকে যোগ দিতে যোগ্য ব্যক্তিকে উক্ত ফেরীঘাটদ্বয় ইজারার জন্য একত্রে ২০,০০০ ( কুড়ি হাজার ) টাকা আমানত জমা দিতে হইবে। ( আরনেষ্ট বা টেবিল মানি ) ডাক চূড়ান্ত হওয়ার পর যথা নিয়মে ফেরৎ দেওয়া হইবে।

৫। যাহার ডাক মঞ্জুর হইবে তাহাকে ডাক মঞ্জুরীর ¼ ভাগ তৎক্ষণাৎ জমা দিতে হইবে। এ টাকা সিকিউরিটি হিসেবে জমা থাকিবে। ডাকের পুরো টাকা মাসিক সমান কিস্তিতে এ্যাড্‌জাষ্ট (মিনাহ) করিতে পারিবেন।

৬। দফাওয়ারী শর্তাবলী ও নিয়মাবলী নিলাম ইস্তাহারে ও পারানীর মাশুলের তালিকা পৌরসভা অফিসে দেখিয়া লইয়া এবং সেমতভাবে রাজী হইলে তবে ডাকে অংশগ্রহণ করিবেন।

ডাকের স্থান :— মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমার সদর শহরে অবস্থিত জঙ্গীপুর পৌরভবন।

ডাকের তারিখ ও সময় ১৮/৩/৯৯ ( বৃহস্পতিবার ) ১৯৯৯ সাল, বেলা ২ ঘটিকায়।

মৃগাঙ্ক ভট্টাচার্য্য

তারিখ ২৪/২/৯৯

পৌরপতি

জঙ্গীপুর পৌরসভা

Memo No. 190(7)/En/112/99 J. M. Date. 25. 2. 99)

**ধৃত এক মহিলা এক পুরুষ** ( ১ম পৃষ্ঠার পর )

সারা পান না। অনেক ধাক্কাধাক্কি করেও তাঁদের তিনজনের ঘুম না ভাঙলে পাশে বসে থাকা দুই যাত্রীর উপর কনডাকটরের সন্দেহ হয়। এর মধ্যে একজন মহিলা ছিল। বাস কনডাকটর পুলিশকে জানালে এবং অন্য যাত্রীদের চাপে পড়ে এই দুই যাত্রী পুলিশের কাছে স্বীকার করে চা বিস্কুটের সঙ্গে ঘুমের কড়া ওষুধ দিয়ে ওদের তিন-জনকে অচেতন করে তাদের কাছ থেকে টাকা পয়সা নিয়ে নেয়। তারা নিজেদের স্বামী-স্ত্রী পরিচয় দেয়। বাড়ী বারাসত। নাম পরিতোষ বিশ্বাস ও রীতা বিশ্বাস। পুলিশ ওদের গ্রেপ্তার করে। সংগাহীন তিন যাত্রীকে ফরাক্কা হাসপাতালে ভর্তি করা হয়। দু'দিন পর তাঁদের তিনজনের জ্ঞান ফেরে।

**সর্বত্র নির্বিঘ্নে** (২য় পৃষ্ঠার পর)

পরীক্ষা কেন্দ্রগুলিতে পৌঁছে দেন ও পরীক্ষা শেষে তা সংগ্রহ করেন। প্রত্যেক সেন্টারেই পরীক্ষার্থীর থেকে কিছু বেশী প্রশ্নপত্র সরবরাহ করা হয়। সব সেন্টার থেকেই কৃষ্ণপদবাবু পরীক্ষা শেষে অব্যবহৃত প্রশ্নপত্র ফেরত পেলেও রঘুনাথগঞ্জ বয়েজ স্কুলে কয়েকটি প্রশ্নপত্রের হদিস পাওয়া যায়নি। মহকুমা শাসকের নির্দেশে স্কুল কর্তৃপক্ষ হারিয়ে যাওয়া প্রশ্নের সন্ধানে থানায় ডাইরী করেছেন বলে খবর।

CENTURY'S
VISHWAKARMA
আপনার স্বপ্নের বাড়ি তৈরী করতে ব্যবহার করুন ....
Century Cement
THE COMPLETE CEMENT
সেঞ্চুরী সিমেন্ট একটি সম্পূর্ণ সিমেন্ট
Lookad

**প্রতারণার অভিযোগ** (১ম পৃষ্ঠার পর)

ক্যাশিয়ার পরিচয় দিয়ে এবং শিক্ষকের চাকরী পাইয়ে দেবার প্রলোভন দেখিয়ে ঐ টাকা নাকি আদায় করেন। রঘুনাথগঞ্জ এল আই সি আই অফিসে খবরটি চাউর হয়ে যাবার পর থেকে প্রণব বেপাত্তা।

সকলকে অভিনন্দন জানাই—

রঘুনাথগঞ্জ ব্লক নং-১
রেশম শিল্পী সমবায় সমিতি লিঃ
( হ্যাণ্ডলুম ডেভেলপমেন্ট সেন্টার )
রেজিঃ নং—২০ ✶ তারিখ—২১-২-৮০
গ্রাম মির্জাপুর ।। পোঃ গনকর ।। জেলা মুর্শিদাবাদ
ফোন নং—৬২০২৭



ঐতিহ্যমণ্ডিত সিল্ক, গরদ, কোরিয়াল জামদানী জাকার্ড, সার্টিং থান ও কাঁথাষ্টিচ শাড়ী, প্রিন্ট শাড়ী সুলভ মূল্যে পাওয়া যায়।

বিশেষ সরকারী ছাড় ১০%

✪ সততাই আমাদের মূলধন ✪

| জয়ন্ত বাঘিড়া | ধনঞ্জয় কাদিয়া | অচিন্ত্য মনিয়া |
|---|---|---|
| সভাপতি | ম্যানেজার | সম্পাদক |

দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ (মর্শিদাবাদ) পিন ৭৪২,২৫ হইতে সত্বাধিকারী অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

**Office of the Executive Engineer**
**Feeder Canal Division/F. B. Project**

## Notice Inviting Quotation

The Executive Engineer, Feeder Canal Division, Farakka Barrage Project, P. O. Farakka Barrage, Dist. Murshidabad ( W. B. ) invites sealed quotations from resourceful purchaser upto 3·00 P.M. of 09-03-99 for the auction sale of seasonal fruits as detailed below.

| Sl. No. | Name of Auction Sale. | Quantity & Trees | Date of Receipt & opening of Quotation | Earnest Money |
|---|---|---|---|---|
| 1. | Auction of Mango/Litchi (Mango 104 Nos and Litchi-11 Nos) for two years for fruits season of 1999 & 2000 (Fruits right) only within the Compound of Dhulian Colony Malancha in project land. | 115 Nos. | upto 3·00 P. M. on 9-3-99 and the same will be opened on the same day at 3-30 P. M. | Rs. 10,000/- |

Note : Details of terms and conditions etc. will be available in the Office of the Executive Engineer, Feeder Canal Division, F. B. Project, P. O. Farakka Barrage, Dist. Murshidabad (W. B.) on any working day from 7. 3. 99

**Executive Engineer**
Feeder Canal Division/F. B. Project.

Memo No. FCD/DB/204/306(9) Dt. 26. 2. 99